



গতকাল শেখ বোরহানুদ্দীন কলেজের শিক্ষা ও সাংস্কৃতিক সভায় উপলক্ষে রাজধানীতে র্যালি বের করা হয় - যুগান্তর

শেখ বোরহানুদ্দীন কলেজের শীত মেলা : আনন্দ র্যালি ও পিঠা উৎসব

আবেগ রহমান

'ওরে ভোলা মন, একটা শীতের পিঠা খেয়ে যা'- গতকাল শেখ বোরহানুদ্দীন পোস্ট গ্রাজুয়েট কলেজের শীত মেলা ও শিক্ষা-সংস্কৃতি সপ্তাহের শুরুতেই এই উদাত্ত আহ্বান জানায় কলেজের মনোবিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা। ঘড়ির কাঁটা সকাল ১০টা ঠুঁতেই কলেজ ক্যাম্পাস ভরে ওঠে শত তরুণ-তরুণীর কলকোলিতে। সবাই ক্যাম্পাসে এসেই দেবতে পায় মনোবিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা শীতের হবের বকম পিঠা সাজিয়ে অপরূপ করে। হত পার ভত বাও ভিত্তিতে ক্যাম্পাসে শীতের পিঠা বাওয়ার ধুম পড়ে গেল। মনোবিজ্ঞান বিভাগের ছাত্রীদের নিপুণ হাতে বানানো শীতের ভাঁপা পিঠা,

পাটিনাপটা, পুনি, চিতই, আর খেজুরের বসের পিঠা দিয়েই কলেজের ছাত্রছাত্রী আর শিক্ষকরা গতকাল সকালের নস্টা সারেন।

একবারে তৃত্বির তেঁকুর তুলে পিঠা বাওয়া এইচএসসি'র ছাত্রী 'সুমাইয়া' ইসলাম বলল, এভাবে সবার সঙ্গে শীতের পিঠা বাওয়ার আনন্দই আনন্দ।

সমাজকল্যাণ বিভাগের ছাত্র মনিরুল ইসলাম বলল, মনে হচ্ছে আজ আমাদের কলেজ ক্যাম্পাসে নববর্ষের মতো আনন্দ নেমে এসেছে।

আনন্দ র্যালি

বেলা ১১টায় কলেজ ক্যাম্পাস থেকে শুরু হয় আনন্দ র্যালি। মনোবিজ্ঞান এবং সমাজকল্যাণ
সেহা : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

মেলা : উৎসব

(৩য় পৃষ্ঠার পর)

বিভাগের ছাত্রছাত্রীরা এর মাধ্যমে সমাজের নানা অসংস্কৃতি তুলে ধরেছে।

মধ্য দুপুরে র্যালিটি একযোগে ফুলে সজ্জিত গরুর গাড়ি, ঘোড়ার গাড়ি আর ড্যানসহ দোয়েল চত্বর হয়ে প্রেসক্লাব এবং প্রেসক্লাব থেকে আবার কলেজ ক্যাম্পাসে ফিরে যায়।

ছাত্রছাত্রীদের ফুল ছোঁড়াছড়িতে পিচতালো কালো রাজপথ ফুলের পাপড়িতে ঢেকে যায়।